

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
জেলা কার্যালয়ের অফিস
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

নম্বর ২৬.০৪.৪৪০০.৭০৬.১৭.০১৮.১৯.৪৮

তারিখ ১৯ ভাদ্র ১৪২৬

০৩ সেপ্টেম্বর ২০১৯

বাজার তদারকির তথ্য

বিষয়: ০৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রি: তারিখে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঝিনাইদহ জেলা কার্যালয়ের বাজার তদারকি।

কালীগঞ্জ উপজেলায় ০৩ টি প্রতিষ্ঠানকে ১৭ হাজার টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব সুচন্দন মন্ডল এর নেতৃত্বে ঝিনাইদহ এর কালীগঞ্জ উপজেলার কোলা বাজারে তদারকি করা হয়। এসময় দোকানে লালসালুতে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে কাজী এন্টারপ্রাইজ কে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা, দোকানে মেয়াদ উত্তীর্ণ পুষ্টি সরিষার তেল ও রাধুনি কাসুন্দি সংরক্ষণ ও বিক্রয় করার অপরাধে শেখ স্টোরকে ৪০০০/- (চার হাজার) টাকা এবং ময়লা, পোকায়ুক্ত মিষ্টির শিরা ও পোড়া তেল ব্যবহার করে খাদ্যপণ্য প্রস্তুত ও বিক্রয় করার অপরাধে লাবনী সুইট এন্ড মিষ্টান্ন ভান্ডার কে ৮০০০/- (আট হাজার) টাকাসহ মোট ১৭০০০/- (সতেরো হাজার) টাকা প্রশাসনিক ব্যবস্থা হিসেবে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের বাজার তদারকিকালে ০৮ (আট) টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। সাধারণ ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়। সার্বিক সহযোগিতা প্রদান করেন জনাব মোহা: শাহনাজ আক্তার, উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর, কালীগঞ্জ, ঝিনাইদহ। নিরাপত্তার দায়িত্ব পালন করেন ঝিনাইদহ জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

৩-৯-২০১৯

সুচন্দন মন্ডল

সহকারী পরিচালক

ফোন: ০৪৫১-৬১৫৫০

ইমেইল: ad-

jhenaidah@dnocrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ২) উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়, খুলনা।
- ৩) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, (এডিএম), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ৪) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সম্পাদক/বার্তা সম্পাদক,....., ঝিনাইদহ (আপনার বহল প্রচারিত দৈনিকে প্রচারের অনুরোধ করা হলো।
- ৬) অফিস কপি।